[redacted]

“[redacted]” [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

হেটে যাচ্ছিল রাস্তায় দাড়িয়ে থাকা রিক্তার গায়ে ধাক্কা লাগে। এতে রিক্তা রাগান্নিত হয়ে হিমেলকে ধরে পেটাতে থাকেন।

এ সময় হিমেলের মা রিজিয়া খাতুন সহ অনেকেই হিমেলকে রক্ষা করতে এগিয়ে আসলে রিক্তা বাধা দেন এবং হিমেলের মাকেও মারধর করে। রিক্তা শিশু হিমেলকে চড় থাপ্পড় কিল ঘুষি দিতে দিতে টেনে-হিঁচড়ে নিয়ে যেতে থাকেন।

তাকে আমি উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করি। দুদিন ভর্তি থাকার পরে গতকাল শনিবার বিকালে তাকে বাড়ি নিয়ে আসা হয়।

- মুজিবনগর অফিস

গাংনীর উপজেলা যুবলীগ তুমি কার?

গাংনী উপজেলা যুবলীগ এর সভাপতি মোশাররফ হোসেন এবং আহবায়ক পৌর মেয়র আশরাফুল ইসলাম। এ নিয়ে এর সংগঠনটি দুটি ভাগে বিভক্ত হয়ে আছে। ফলে উপজেলা যুবলীগ ও সাধারণ মানুষের মনে প্রশ্ন জাগছে কে এই যুবলীগের চালিকা শক্তি।
পুরাতন কমিটিতে উপজেলা যুবলীগের নেতৃত্ব দিয়ে আসছেন সভাপতি পদে মোশাররফ হোসেন ও সাধারণ সম্পাদক পদে শফি কামাল পলাশ।

এদিকে ২০১৬ সালের দিকে জেলা যুবলীগের নতুন আহবায়ক কমিটি গঠনের পর পরই গাংনী উপজেলা যুবলীগের নতুন কমিটি করার লক্ষ্যে মোশাররফ-পলাশ এর নেতৃত্বে যে কমিটি ছিল সেটা ভেঙ্গে দিয়ে নতুন করে আহবায়ক করা হয় গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলামকে। তবে এ সিদ্ধান্তকে উপজেলা যুবলীগের অধিকাংশ নেতা কর্মী মেনে নিতে পারেনি এ নিয়ে তৎকালীন সময় উপজেলা যুবলীগের মধ্যে বেশ উত্তেজনা সৃষ্টি হয়।

এ ঘটনার পর পর কেন্দ্রীয় যুবলীগের নেতাদের কাছে উভয় পক্ষই ধর্ণা দেন। সভাপতি মোশাররফ হোসেন সাংবাদিকদের জানান, উপজেলা যুবলীগের

- এ শাহিন সিদ্দিকি

মুজিবনগরে শিশু নির্যাতনের অভিযোগ

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় সোনাপুরে হিমেল নামের শিশুকে নির্যাতন করার অভিযোগ উঠেছে একই গ্রামের আনারুলের স্ত্রীর বিরুদ্ধে।

বৃহস্পতিবার সকালে মুজিবনগর উপজেলার সোনাপুর গ্রামের আসাদুল ইসলামের ছেলে হিমেল (৮) নামের শিশুকে নির্যাতন করেছে একই গ্রামের আনারুল ইসলামের স্ত্রী রিক্তা।

হিমেলের মা রিজিয়া খাতুন মেহেরপুর প্রতিদিনের কাছে লিখিত অভিযোগের মাধ্যমে জানান জানান, মহল্লাই ঝগড়া হচ্ছিল রাস্তা দিয়ে হিমেল হেটে যাচ্ছিল রাস্তায় দাড়িয়া থাকা রিক্তার গায়ে ধাক্কা লাগে। এতে রিক্তা রাগান্নিত হয়ে হিমেলকে ধরে পেটাতে থাকেন।

এ সময় হিমেলের মা রিজিয়া খাতুন সহ অনেকেই হিমেলকে রক্ষা করতে এগিয়ে আসলে রিক্তা বাধা দেন এবং হিমেলের মাকেও মারধর করে। রিক্তা শিশু হিমেলকে চড় থাপ্পড় কিল ঘুষি দিতে দিতে টেনে-হিঁচড়ে নিয়ে যেতে থাকেন।

তাকে আমি উদ্ধার করে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করি। দুদিন চিকিৎসা থাকার পরে শনিবার বিকালে তাকে বাড়ি নিয়ে আসা হয়।

- মুজিবনগর অফিস

গাংনীতে জোরপুর্বক জমি দখল করে প্রাচীর নির্মান

জোরপূর্বক জমি দখল করে প্রাচীর নির্মানের প্রতিবাদ ও প্রাচীর নির্মান কাজ বন্ধের দাবিতে সংবাদ সম্মেলন করেছেন গাংনীর শিশিরপাড়া গ্রামের মোতালেব হোসেন ও তার পরিবারের সদস্যরা।

শনিবার (০৯ নভেম্বর) বিকেলে গাংনী প্রেসক্লাবে মোতালেব হোসেনের পরিবারের পক্ষ থেকে জমি দখলের বিভিন্ন অভিযোগ করে প্রতিকারের জন্য সংশ্লিষ্ঠদের সু-দৃষ্টি কামনা করা হয়।

সংবাদ সম্মেলনে বক্তব্যে মোতালেব হোসেন বলেন, আমাদের পৈত্রিক সম্পত্তির অংশ থেকে ৮৯ শতক জমি ক্রয় করেন গাংনী উপজেলা চেংগাড়া গ্রামের আজিজুল। তার রেজিস্ট্রিকৃত জমির দাগ নং ৩৭১, ৩৭৫, ৩৭৬, ৩৭৭, ৩৩২৯। দলিল অনুযায়ী তার জমি র্পাঁচ দাগ থেকেই নিতে হবে। কিন্তু আজিজুল গং জোরপুর্বক দখল করেছেন ৩৭৫, ৩৭৬, ৩৭৭ দাগ থেকে। এ তিনটি দাগের জমি শিশিরপাড়া গ্রামের ঝিনেরপুলের কাছে পাশাপাশি।

ধানখোলা ইউনিয়ন ভূমি অফিসের (গাড়াডোব) তহশীলদার জাকির হোসেন ও গাংনী ভূমি অফিসের সহকারী শাহজাহানকে ম্যানেজ করে আজিজুলের কেনা জমি খারিজ সম্পাদন হয়েছে। যা অবৈধ ভাবেই সম্পাদন করা হয়। খারিজের সময় জমির অন্যান্য অংশিদারদেরকে লিখিত বা মৌখিক নোটিশ দেওয়া হয়নি।

মোটা অংকের অর্থের বিনিময়ে গোপনে খারিজ করা হয়েছে বলে আমারা মনে করছি। এই অবৈধ খারিজ বাতিলের জন্য আমরা গাংনী উপজেলা ভূমি অফিসে আবেদন করেছি।

কিন্তু খারিজ বাতিলের বিষয়ে তহশিলদার জাকির হোসেন দিনের পর দিন আমাদেরকে হয়রানি করছেন।

ওই জমির এসএ এবং আরএস রেকর্ড আমার নামে (মোতালেব হোসেন) থাকা সত্তেও লাঠিয়াল বাহিনী দ্বারা জোপুর্বক প্রাচীর নির্মান করছে আজিজুল গং। আমরা বাধা দিতে গেলে তাদের লাঠিয়াল বাহিনীর লোকজন প্রাণনাশের হুমকি দিচ্ছে।

শুধু ভূমি অফিসে নয় আদালতেও মামলা চলমান রয়েছে উল্লেখ করে

ভুক্তভোগী মোতালেব হোসেন বলেন,

আদালতে বিচারাধীন মামলা দুটির মধ্যে দেওয়ানী ১৩৫/১৯ এবং ফৌজদারী মামলা ৪৪৫, পিটিশন নং ৩২৩/১৯। যেখানে মামলা বিচারাধীন সেখানে তারা শুধুমাত্র গায়ের জোরেই প্রাচীর নির্মান করছেন। পেশিশক্তি প্রয়োগের মাধ্যমে আমাদের পৈত্রিক জমির জবর দখল করছে।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে বিদ্যুতায়িত হয়ে অটোভ্যান চালক নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার হিন্দা গ্রামে বিদ্যুতায়িত হয়ে এক অটোভ্যান চালক নিহত হয়েছে।
আজ শনিবার বিকেল সাড়ে ৪টার দিকে নিজ বাড়িতে এ ঘটনা ঘটে।

নিহত ব্যাক্তি হলো হিন্দা গ্রামের পশ্চিমপাড়ার আনিচুর রহমানের ছেলে।

নিহতের পরিবার সুত্রে জানা যায়, নিহত আহার মাঠ থেকে ভেজা শরীরে বাড়িতে এসে অটোভ্যানে চার্জ দিতে গেলে সে পড়ে যায়।
এসময় পরিবারের লোকজন তার জ্ঞান হারিয়েছে ভেবে মাথায় পানি দেয়। পরে শারীরিক অবস্থার অবনতিন হলে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।
কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষনা করেন।
ডাক্তার জানান সে এখানে আসার আগেই মারা যায়।

- গাংনী প্রতিনিধি

পাঁচদিনেও কোন অগ্রগতি নেই

কিশোরগঞ্জ ও শরিয়তপুর টিটিসির পর মেহেরপুর কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান (টিটিসি)তে রাতের আধারে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে।

টিটিসির ৭৫টি কম্পিউটারের র্যাম, প্রসেসর এবং একটি ল্যাপটপ চুরি হয়েছে। যেগুলোর আনুমানিক মূল্য ১৪ লাখ টাকা।

একই কক্ষে মূল্যবান দুটি প্রিন্টার ও দুটি প্রজেক্টর থাকলেও সেগুলো অক্ষত রয়েছে। চুরি হওয়া পাঁচ দিন পার হলেও এখন পর্যন্ত চোর শনাক্তের কোন অগ্রগতি দেখা যাচ্ছে না। ফলে পরবর্তিতে একের পর এক টিটিসি গুলো এভাবেই চুরির কবলে পড়ে সরকারি সম্পদ খোয়া যাবে এমন আশংকা থেকেই যাচ্ছে।

তিনটি জেলার টিটিসিতে একই কায়দায় চুরির ঘটনা ঘটেছে। ফলে পুলিশের ধারণা সারাদেশে একই চক্র এই চুরির ঘটনা ঘটাচ্ছে। সিসিটিভির ফুটেজ ও চুরির ধরন দেখে মনে হচ্ছে সারা দেশের টিটিসি গুলোই তাদের টার্গেট।

রবিবার দিবাগত রাত ১টা থেকে সাড়ে ৩টার মধ্যে দুটি ট্রেডের তালা ভেঙে এ চুরির ঘটনা ঘটেছে। তবে কারা এর সাথে জড়িত এ বিষয়ে নিশ্চিৎ করা না গেলেও চোররা যে কম্পিউটার বিষয়ে পারদর্শি তাতে সন্দেহ নেই দাবি পুলিশের।

সরকারি ভবনে এতো বড় চুরির ঘটনায় জনমনে নানা প্রশ্ন উঠেছে। লাখ লাখ টাকার যন্ত্রপাতির কোন সুরক্ষা থাকেনা সরকারি অফিসে।

এ দায় কার প্রশ্ন সাধারণ জনগণের। ২.০২ একরের বিশাল ক্যাম্পাসে পাঁচটি ভবনে মাত্র একজন নিরাপত্তা কর্মী দিয়ে নিরাপত্তার কাজ করা হচ্ছে যা কখনোই নিরাপত্ত দেওয়া সম্ভব নয়।

নিরাপত্তা ব্যবস্থার জোরদার না করলে এ ধরণের ঘটনা বারবার ঘটতে থাকবে।
এদিকে চুরি হওয়ার পর থেকে শুধুমাত্র তত্তি¡য় ক্লাস গুলো হচ্ছে কোন ধরণের ব্যবহারিক ক্লাস হচ্ছে না। ফলে শিক্ষার্থীরাও বিপাকে পড়েছেন। তাদের মধ্যেও উৎকন্ঠা ছড়িয়ে পড়েছে।

টিটিসির ভারপ্রাপ্ত অধ্যক্ষ শহিদুল ইসলাম জানান, প্রতিদিনের ন্যায় রাত ১২টা পর্যন্ত আমি জেগে ছিলাম। এর পর ঘুমিয়ে যায়। সকালে

অফিসে চুরির খবর পেয়ে কম্পিউটার রুমে গিয়ে দেখি দুটি কক্ষের তালা ভাঙা।

ভিতরে প্রবেশ করার পর চোখে পড়ে কম্পিউটারের সিপিইউ গুলো খোলা অবস্থায় পড়ে আছে। সেগুলো থেকে র্যাম, প্রসেসর গুলো চুরি করা হয়েছে। এছাড়া একটি ল্যাপটপও চুরি হয়েছে। সিসি ক্যামেরার সময় অনুযায়ী রাত ১ টা থেকে সাড়ে ৩টা পর্যন্ত ঘটনাটি ঘটেছে।
চুরির খবর পুলিশকে জানানো হলে পুলিশের একটি দল এসে চুরির আলামত সংগ্রহ করে এবং চুরি যাওয়া কক্ষ দুটি তাদের হেফাজতে নিয়েছে বলে তিনি জানান।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, সিসিটিভির ফুটেজ ও চুরির ধরণ দেখে মনে হচ্ছে অন্যান্য টিটিসির চুরির সাথে এই চুরির মিল রয়েছে।

পুলিশ সুপার এস এম মুরাদ আলী জানান, একই ভাবে এর আগে কিশোরগঞ্জ ও শরিয়তপুর টিটিসি তে চুরি হয়েছে বলে আমরা জানতে পেরেছি। ওই দুই স্থানের চুরির সাথে এই চুরির যথেষ্ট মিল রয়েছে।

পরিদর্শক পর্যায়ের একজন গোয়েন্দা অফিসারকে তদন্তের জন্য নিয়োগ দেওয়া হয়েছে। তদন্ত শেষ হলেই বিস্তারিত জানা যাবে। তবে মেহেরপুর টিটিসির নিরাপত্তা ব্যবস্থা অত্যন্ত দুর্বল।

মেহেরপুর জেলা প্রশাসক মো: আতাউল গনি জানান, চুরির ঘটনার পরই টিটিসির নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে সুপারিশ করা হয়েছে। এ ধরণের নিরাপত্তা ব্যবস্থা দিয়ে প্রতিষ্ঠান নিরাপদ করা সম্ভব না।

নিজেস্ব প্রতিবেদক

প্রেমের টানে ঘর ছাড়া স্বামী –

পরিবার নিয়ে অসহায় স্ত্রী

প্রেমের টানে পর স্ত্রীকে ভাগিয়ে নিয়ে অজানার উদ্দেশ্যে পাড়ি জমিয়েছে আবুল কাসেম নামের ৪৫বছরের এক ব্যাক্তি। জীবনের শেষ প্রান্তে এসে এমন কাজ করায় এলাকার মানুষের মাঝে মুখোরোচক গল্পের জন্ম দিয়েছে। মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামে এ ঘটনা ঘটে।

এদিকে স্বামী হারিয়ে পরিবার নিয়ে মানবেতর জীবন যাপন করছে অসহায় স্ত্রী।

এ প্রসঙ্গে অসহায় স্ত্রী বলেন, আমাদের দীর্ঘ সংসার জীবনে দুইটি কন্যা সন্তান জন্ম নেয়। ইতিমধ্যে আমার বড় মেয়ের বিয়ে হয়েছে এবং ছোট মেয়ে পড়াশুনা করছে।

আমার স্বামী আবুল কাসেম ২০০৮সালে জীবিকার তাগিদে মালায়েশিয়া পাড়ি জমায়। সেখানে থাকা অবস্থায় আনন্দবাস গ্রামের জামাল রাজ মিস্ত্রির স্ত্রী ফাতেমা অরফে ফতে’র সাথে প্রেমের সম্পর্ক গড়ে তোলে।

এনিয়ে বেশ কয়েকবার আমাদের মধ্যে ঝামেলাও হয়। পরকীয়ার কারনে কোর্টে মামলা করলে আবুল কাসেম ২দিনের জেলও খাটে। পরে মুচলেকা দিয়ে জেল থেকে বের হয়ে আসে। জেল থেকে বের হওয়ার পর পুনরায় সে আবার সম্পর্ক চালাতে থাকে।

এই সম্পর্কের ইন্ধন দেয় আমার বড় ভাসুর জান মোহাম্মদ ও তার স্ত্রী পারভিন খাতুন। কারণ আমার ছেলে না থাকায় আমাদের সম্পত্তি হাতিয়ে নেওয়ার পায়তারা করছে তারা দুজন।

এর মধ্যে গত ৩০ অক্টোবর আবুল কাসেম ও ফতে অজানার উদ্দেশ্যে পাড়ি জমায়। অনেক খোঁজা খুজি করেও কোন লাভ হয়নি। আমরা এ বিষয়ে খোঁজা খুজি করলে জান মোহাম্মদ ও তার স্ত্রী পারভিন খাতুন আমাদের বাড়ি থেকে বের করে দেওয়ার হুমকি দেয়।

এমন অবস্থায় সংসার নিয়ে মানবের জীবন যাপন করছি। যদি এর যদি সে ফিরে না আসে তবে মুজিবনগর থানায় একটি মামলা দায়ের করবো।

নিজস্ব প্রতিনিধি

[redacted]

[redacted]

গাংনীতে আইডিয়াল র্ফাস্ট এইড ট্রেইনিং সেন্টারের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে আইডিয়াল র্ফাস্ট এইড ট্রেইনিং সেন্টারের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গত বৃহস্পতিবার সন্ধ্যায় গাংনী উপজেলা বাজারে আলোর পথে যুব সংঘ অফিসের নিচ তলায় এ প্রতিষ্ঠানের উদ্বোধন করা হয়।

র্ফাস্ট এইড ট্রেইনিং সেন্টারের গাজিপুর ইনস্টিটিউটের পরিচালক ও গাংনী উপজেলার শাখা পরিচালক আবু সায়েম চৌধুরী প্রধান অতিথি হিসেব উপস্থিত থেকে গাংনী শাখার উদ্বোধন করেন।

আইডয়াল র্ফাস্ট এইড ট্রেইনিং সেন্টারের উপ পরিচালক এহসান কবির সবুজের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা স্বেচ্ছাসেবক লীগ নেতা সৈয়দ ওমর আলি তাপু।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এ প্রতিষ্ঠানের সুযোগ সুবিধা সম্পর্কে বিস্তর আলোচনা করেন।
এ সময় বিভিন্ন এলাকা থেকে আগত প্রশিক্ষনার্থীরা উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে প্রধান অতিথি আবু সায়েম চৌধুরী ফিতা কেটে প্রতিষ্ঠানটির শুভ উদ্বোধন করেন।

নিজস্ব প্রতিনিধি